গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৭/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৬ জানুয়ারি, সোমবার ২০২৩, ০২ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

০১। সবাই মিলে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাবো: প্রধানমন্ত্রী

০২। মাদক কারবারিদের তালিকা যাচাই-বাছাই করে প্রকৃত অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা: স্বরাষ্ট্রমন্ত্রী

০৩। মবিলিটি বাংলাদেশ ফিজিওথেরাপি সেন্টারের উদ্বোধন করেছেন ময়মনসিংহ সিটি মেয়র

০৪। দেশে ভোটার সংখ্যা বাড়লো

০৫। ময়মনসিংহে বিট পুলিশিং সমাবেশ ও গ্রাম পুলিশের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠিত

**০১। সবাই মিলে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাবো: প্রধানমন্ত্রী**

দেশের উন্নয়ন অগ্রগতির চিত্র তুলে ধরে ব্যাংক মালিকদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শুধু সরকার না, সবাই মিলে দেশকে উন্নয়নের পথে আমরা এগিয়ে নিয়ে যাবো। এ সময় ভূমিহীন-গৃহহীনদের জন্য গৃহনির্মাণে বিত্তবানদের এগিয়ে আসারও আহ্বান জানান তিনি। রবিবার (১৫ জানুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকসের প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাৎকালে তিনি একথা বলেন। এসময় 'বাংলাদেশে একজন মানুষও ভূমিহীন, ঠিকানাহীন থাকবে না, এটাই আমাদের লক্ষ্য' এমনটাও বলেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজরকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা ও দৈনিক সকালের দুনিয়া।

**০২। মাদক কারবারিদের তালিকা যাচাই-বাছাই করে প্রকৃত অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা: স্বরাষ্ট্রমন্ত্রী**

মাদক কারবারিদের তালিকা যাচাই-বাছাই করে প্রকৃত অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। রবিবার (১৫ জানুয়ারি) দুপুরে কক্সবাজার জেলা প্রশাসনের শহীদ এটিএম জাফর মিলনায়তনে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম সভায় অংশগ্রহণ শেষে সাংবাদিকদের একথা বলেন তিনি। সভায় সীমান্তবর্তী এলাকায় মাদক চোরচালান রোধ, সিদ্ধান্ত গ্রহণ, সেন্টমার্টিন দ্বীপসহ এ অঞ্চলের সীমান্ত এলাকায় বিজিবি এবং কোস্টগার্ডের কার্যক্রমসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক জাহান, দৈনিক দেশের খবর ও দৈনিক ময়মনসিংহের কাগজ।

**০৩। মবিলিটি বাংলাদেশ ফিজিওথেরাপি সেন্টারের উদ্বোধন করেছেন ময়মনসিংহ সিটি মেয়র**

রবিবার (১৫ জানুয়ারি) ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু ময়মনসিংহের নতুন বাজার সাহেব আলী রোডস্থ মবিলিটি বাংলাদেশ ফিজিওথেরাপী সেন্টারের উদ্বোধন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেয়র ফিজিওথেরাপী সেন্টারটির উদ্বোধন করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজরকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা ও দৈনিক সকালের দুনিয়া।

**০৪। দেশে ভোটার সংখ্যা বাড়লো**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের হালনাগাদ ভোটার তালিকার খসড়া প্রকাশ করা হয়েছে। তালিকা অনুযায়ী দেশে মোট ভোটার সংখ্যা ১১ কোটি ৯০ লাখ ৬১ হাজার ১৫৮ জন। হালনাগাদের পূর্বে দেশে ভোটার সংখ্যা ছিলো ১১ কোটি ৩২ লাখ ৮৭ হাজার ১০ জন। অর্থাৎ নতুন ভোটার বাড়লো ৭৯ লাখ ৮৩ হাজার ২৭৭ জন। রবিবার (১৫ জানুয়ারি) নির্বাচন ভবনে নির্বাচন কমিশন সচিব মো. জাহাঙ্গীর আলম সাংবাদিকদের এসব তথ্য জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজরকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা ও দৈনিক সকালের দুনিয়া।

**০৫। ময়মনসিংহে বিট পুলিশিং সমাবেশ ও গ্রাম পুলিশের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠিত**

রবিবার (১৫ জানুয়ারি) ময়মনসিংহের কোতোয়ালী মডেল থানার আয়োজনে ময়মনসিংহের শিকারীকান্দায় বিট পুলিশিং সমাবেশ ও গ্রাম পুলিশের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বিট পুলিশিং সমাবেশ ও শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য। ময়মনসিংহ জেলা পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞার সভাপতিত্বে সমাবেশ বিশেষ অতিথি হিসেবে ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজরকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা ও দৈনিক সকালের দুনিয়া।

## সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** ডেঙ্গু পরিস্থিতি নিয়ে দেশে ব্যাপক আলোচনা হলেও অবস্থার তেমন পরিবর্তন হয়নি। তবে, সরকার ডেঙ্গু নিয়ন্ত্রণে বিশেষ উদ্যোগ নিবে, এটাই প্রত্যাশা।

(খ) **দৈনিক স্বজন:** প্রাইমারি পর্যায়ে পাঠদানের সময় বাড়াতে এক শিফট চালুর উদ্যোগ সাধুবাদ পাওয়ার যোগ্য। তবে তা বাস্তবায়নে বাস্তবসম্মত পদক্ষেপ নিতে হবে। এ বিষয়ে তাড়াহুড়া করা ঠিক হবে না।

(গ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক দিগন্ত বাংলা:** ডলার সংকটে বিদেশ থেকে রমজানে ছয়টি নিত্যপণ্যের (ভোজ্যতেল, চিনি, মসুর ডাল, ছোলা, খেজুর ও পেয়াজ) আমদানি ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। তাই রমজানে পণ্য আমদানি নির্বিঘ্ন করতে সরকারকে যথাযথ ব্যবস্থা নিতে হবে।

(ঘ) **আজকের বাংলাদেশ:** মাদক নিয়ন্ত্রণে ২০২১ সালের ২৯ নভেম্বর মন্ত্রিসভার বৈঠকে 'কম্প্রিহেন্সিভ অ্যাকশন প্ল্যান' বা সমন্বিত কর্মপরিকল্পনার খসড়া অনুমোদন দেয়া হয়। ২০২২ সালের ২৮ ফেব্রুয়ারি ঢাকা বিভাগে কার্যক্রম উদ্বোধনের মাধ্যমে প্রাথমিক যাত্রা শুরু হয় কম্পিহেন্সিভ অ্যাকশন প্ল্যানের। এ কার্যক্রমের সঠিক বাস্তবায়নের মধ্য দিয়ে সুফল লাভ প্রত্যাশিত।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। ডোনাল্ড লু দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে যেভাবে সহায়তা করতে পারেন- মেহজাবিন বানু (দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দিগন্ত ও দৈনিক কৃষাণের দেশ)

০২। অহেতুক টিপ্পনী নয়, গন্তব্যে পৌঁছাতে ঐক্যবদ্ধ হোন- আহমেদ আমিনুল ইসলাম (আজকের বাংলাদেশ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

০৩। বাংলাদেশের সবচেয়ে বিপন্ন 'প্রাণীর নাম কেন নদী'?- আমীন আল রশীদ (দৈনিক ময়মনসিংহের কাগজ)

#

রিদওয়ান/ফয়সাল/রেজভী/সজিব/২০২২/০৯.৩০ ঘণ্টা।